BGAPMEA

BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]

বাংলাদেশ গার্মেন্টস্ এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)

নং-বিজিএপিএমইএ/প্রশাসন/সার্কুলার/২০২২/ 2602 তারিখ ঃ ২১-০৬-২০২২ইং

সম্মানিত সদস্য
বিজিএপিএমইএ।

বিষয়ঃ বাংলাদেশ ব্যাংকের সাম্প্রতিক জারীকৃত কয়েকটি গুরুত্বপূর্ণ সার্কুলার অবহিতকরণ।

মহোদয়,

আস্‌সালামুআলাইকুম।

বাংলাদেশ ব্যাংক সম্প্রতি অত্রসাথে সংযোজিত গুরুত্বপূর্ণ সার্কুলার জারি করেছেঃ

০১। **সার্কুলার নং-২৩ তাং-১৩-০৬-২০২২ঃ** ব্যাংক সেবা প্রার্থীর আবেদন/অভিযোগের অবশ্যই প্রাপ্তি স্বীকার দিতে হবে এবং সাধারণভাবে ১০ দিনের মধ্যে বিশেষ কোন কারণ থাকলেও তা ৪৫ দিনের মধ্যেই নিস্পত্তি করতে হবে।

০২। **সার্কুলার নং-২২ তাং-০৭-০৬-২০২২ঃ** ব্যাংকের আমানত ও ঋণ হিসাবধারী প্রত্যেককে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে অর্থাৎ বছরে দুই বার "লেনদেন বিবরণী ও স্থিতি নিশ্চিতকরণ সনদ" কোন প্রকার চার্জ আদায় ব্যতীতই ই-মেইল/ডাক/কুরিয়ারের মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

০৩। **সার্কুলার নং-১৭ তাং-২৯-০৫-২০২২ঃ** রপ্তানি প্রত্যাবাসিত মূল্যের ভ্যালু এডেড অংশ যেদিন প্রত্যাবাসিত মূল্য প্রাপ্ত হবে তারপর দিনই টাকায় রূপান্তরিত করতে হবে। অর্থাৎ মার্কিন ডলারে ভ্যালু এডেড অংশ ০১ দিনের বেশী রাখা যাবে না।

সদয় অবগতির জন্য।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত,

(রুহিদাস জোদ্দার)
সচিব, বিজিএপিএমইএ

সংযুক্তিঃ যথাবর্ণিত।

Sonartori Tower (9th Floor), 12, Sonargaon Link Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh
Tel : 9632717, 9632700, Fax : 880-2-9632718, E-mail : bgapmea@gmail.com, Website : www.bgapmea.org
Regional Office : Akhtaruzzaman Centre (9th Fl), 21/22, Agrabad C/A, Chattogram. Phone & Fax:88-031-717903, E-mail:bgapmeactg@gmail.com

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ২৩

তারিখ: ১৩ জুন ২০২২
৩০ জ্যৈষ্ঠ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

গ্রাহকের অভিযোগ/আবেদনপত্র গ্রহণ ও নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ: ০৫ জানুয়ারি ২০০৫ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং- ১১ তারিখ: ২৬ জুলাই ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-০১/২০০৫ এর মাধ্যমে ব্যাংকসমূহের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ নিষ্পত্তিকল্পে ব্যাংকের প্রধান কার্যালয়ে প্রধান নির্বাহীর সরাসরি তত্ত্বাবধানে অভিযোগ সেল গঠনপূর্বক সাধারণভাবে ১০ দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তির জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা দেয়া হয়। তবে, অভিযোগ নিষ্পত্তির সময়সীমা কোন অবস্থায়ই ৪৫ দিনের বেশি হবে না মর্মেও ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পরবর্তীতে বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০১১ এর মাধ্যমে ব্যাংকের জোনাল অফিসসমূহেও অভিযোগ সেল গঠনের জন্য নির্দেশনা দেয়া হয়। এতদ্‌সত্ত্বেও, কোন কোন ব্যাংক শাখা কর্তৃক গ্রাহকের অভিযোগ/আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে না মর্মে সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের গোচরীভুত হয়েছে। অধিকন্তু, কোন কোন ব্যাংক অনেক ক্ষেত্রে গ্রাহক কর্তৃক দাখিলকৃত অভিযোগ/আবেদনপত্রের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করছে না মর্মেও অভিযোগ পাওয়া যাচ্ছে যা কোনভাবেই কাম্য নয়।

৩। এক্ষণে, গ্রাহক স্বার্থ সংরক্ষণ এবং ব্যাংকিং খাতে সুশাসন ও শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ব্যাংকের আমানতকারী ও ঋণগ্রহীতাসহ সকল ধরনের গ্রাহকের অভিযোগ/আবেদনপত্র ব্যাংকের প্রধান কার্যালয়সহ যে দপ্তরেই দাখিল করা হোক না কেন তা প্রাপ্তিস্বীকার প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে। প্রাপ্ত অভিযোগ বিআরপিডি সার্কুলার নং-০১/২০০৫ এ নির্দেশিত সময়ের মধ্যে এবং আবেদনপত্র যথাযথ প্রক্রিয়ায় দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্ন করতে হবে।

৪। এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা যথাযথ পরিপালনের নিমিত্ত ব্যাংকের শাখা অফিসসহ সকল কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার লক্ষ্যে ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ২২

তারিখ: ০৭ জুন ২০২২
২৪ জ্যৈষ্ঠ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক হিসাবের "লেনদেন বিবরণী" এবং "স্থিতি নিশ্চিতকরণ সনদ" গ্রাহককে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০০১ এবং বিআরপিডি সার্কুলার নং- ১১ তারিখ: ১০ জুন ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-০৪/২০০১ এর মাধ্যমে তফসিলি ব্যাংকসমূহে জাল-জালিয়াতি রোধকল্পে ব্যাংকসমূহ কর্তৃক হিসাবধারীগণকে নিয়মিতভাবে অর্ধ-বার্ষিক ভিত্তিতে "লেনদেন বিবরণী" প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে ২২ মে ২০১৩ তারিখে বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০১৩-২৪০৫ নং পত্রের মাধ্যমে জাল-জালিয়াতি রোধকল্পে ব্যাংকের আমানত ও ঋণ হিসাবধারী প্রত্যেক গ্রাহককে নিয়মিতভাবে অর্ধ-বার্ষিক ভিত্তিতে "লেনদেন বিবরণী" ই-মেইল/ডাক/কুরিয়ার যোগে প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, বিআরপিডি সার্কুলার নং-১১/২০২১ এর ০৩(ঘ)(১) অনুচ্ছেদে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে অর্থাৎ বছরে দু'বার ব্যাংকের আমানত ও ঋণ হিসাবধারী প্রত্যেক গ্রাহককে হিসাবের স্থিতি নিশ্চিতকরণ সনদ (হিসাব বিবরণীসহ) প্রদানের জন্য ব্যাংক কর্তৃক কোন চার্জ/ফি আদায় করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদ্বিষয়ে বর্ণিত নির্দেশনা থাকা সত্ত্বেও কোন কোন ব্যাংক কর্তৃক গ্রাহকের চাহিদা মোতাবেক "লেনদেন বিবরণী" ও "স্থিতি নিশ্চিতকরণ সনদ" গ্রাহককে প্রদান করা হচ্ছে না, যা উক্ত নির্দেশনার লঙ্ঘন।

৩। এক্ষণে, গ্রাহক স্বার্থ সংরক্ষণ, তফসিলি ব্যাংকসমূহে জাল-জালিয়াতি রোধকল্পে ও পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালার বাস্তবায়ন নিশ্চিতকল্পে ব্যাংকের গ্রাহককে "লেনদেন বিবরণী" ও "স্থিতি নিশ্চিতকরণ সনদ" প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াবলী যথাযথভাবে অনুসরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো:

ক) ব্যাংকের আমানত ও ঋণ হিসাবধারী প্রত্যেক গ্রাহককে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে অর্থাৎ বছরে দু'বার "লেনদেন বিবরণী" ও "স্থিতি নিশ্চিতকরণ সনদ" ই-মেইল/ডাক/কুরিয়ার যোগে আবশ্যিকভাবে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এতদ্ব্যতীত কোন ধরনের চার্জ আদায় ব্যতিরেকে এসএমএসের মাধ্যমে "লেনদেন বিবরণী" ও "স্থিতি নিশ্চিতকরণ সনদ" প্রেরণের বিষয়টি গ্রাহককে অবহিত করতে হবে। তবে গ্রাহক স্বশরীরে ব্যাংক সংশ্লিষ্ট শাখায় গমনপূর্বক উক্ত বিবরণী/সনদ সংগ্রহ করতে পারবেন। উভয়ক্ষেত্রে কোনরূপ চার্জ/ফি আদায় করা যাবে না;

খ) হিসাব খোলার ফরমে গ্রাহক কর্তৃক প্রদত্ত মেইলিং ঠিকানা ও মোবাইল নম্বরের সঠিকতা যাচাই করতে হবে এবং ন্যূনতম বার্ষিক ভিত্তিতে তা হালনাগাদ করতে হবে;

গ) হিসাব সম্পর্কিত প্রতিটি লেনদেন তাৎক্ষণিকভাবে এসএমএসের মাধ্যমে গ্রাহকের সম্মতি সাপেক্ষে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ) অধিকন্তু ব্যাংকের নিজস্ব ইন্টারনেট ব্যাংকিং এবং মোবাইল অ্যাপস-এর মাধ্যমে গ্রাহককে তথ্য ও সেবা প্রদান করা যাবে। তবে তথ্য সরবরাহের ক্ষেত্রে ব্যাংকের নিজস্ব ইন্টারনেট ব্যাংকিং এবং মোবাইল অ্যাপস ব্যতীত সোশ্যাল মিডিয়াসহ অন্য কোন মাধ্যম ব্যবহার হতে বিরত থাকতে হবে;

ঙ) গ্রাহককে প্রেরিত "লেনদেন বিবরণী" ও "স্থিতি নিশ্চিতকরণ সনদ" এর অনুলিপি হার্ডকপির পরিবর্তে ইলেকট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করা যাবে; এবং

চ) তথ্যের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

Foreign Exchange Policy Department
Bangladesh Bank
Head Office
Dhaka
www.bb.org.bd

FE Circular Letter No. 17

Date: May 29, 2022

Head offices/principal offices of all
Authorized Dealers in Bangladesh

Dear Sirs,

Encashment of value added portion of repatriated export proceeds

Please refer to paragraph 42(i), chapter 7 of the Guidelines for Foreign Exchange Transactions-2018, Vol-1 (GFET) in terms of which Authorized Dealers (ADs) are permitted to retain repatriated export proceeds, on encashment of the local value added portion, in foreign currency (FC) in a single pool. These funds are useable only for settlement of different back to back import payments of relative exporters on maturity basis.

02. The retention of export proceeds in FC facilitates exporters to settle back to back liabilities without facing exchange loss. It is observed that value added portion is not encashed into Taka immediately on repatriation of export proceeds, resulting in delayed cash support to exporters for meeting working capital needs in Taka.

03. In view of the situation stated above, ADs designated for export transactions are advised to make Taka fund available to exporters through encashment of value added portion out of their repatriated export proceeds. The encashment of value added portion and the parking of remainder in single pool shall be executed by the following business day on receipt of export proceeds in nostro accounts of designated ADs.

Other relevant instructions shall remain unchanged. You are advised to bring the contents of this circular letter to all your AD bank branches for meticulous compliance.

Yours faithfully,

(Kazi Rafiqul Hassan)
Director (FEPD)
Phone: 9530123